দৈনিক খবর

তারিখ ..2..0 NOV 1992..
পৃষ্ঠা... ৭ ...কলাম...৭...

48

## নাটক সংক্রান্ত ও দিনব্যাপী আন্তর্জাতিক সেমিনার উদ্বোধন

।। স্টাফ রিপোর্টার ।।

সমসাময়িক নাটকে 'আন্তর্জাতিক ক্রিয়া প্রতিক্রিয়ার প্রভাব' শীর্ষক তিনদিনব্যাপী আন্তর্জাতিক সেমিনার গতকাল শিল্পকলা একাডেমীতে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন সংস্কৃতি প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম। আইটিআই-এর বাংলাদেশ কেন্দ্র আয়োজিত এই সেমিনার উপলক্ষে সপ্তাহব্যাপী একটি নাট্যোৎসব ও বাংলা নাটকের ঐতিহ্য ও আন্তর্জাতিক ক্রিয়া প্রতিক্রিয়ার উপর এক প্রদর্শনীরও আয়োজন করা হয়েছে।

এ অনুষ্ঠানে আইটিআই বাংলাদেশ কেন্দ্রের সভাপতি অধ্যাপক কবীর চৌধুরী সভাপতিত্ব করেন। ইন্টারন্যাশনাল থিয়েটার ইনস্টিটিউটের সেক্রেটারী জেনারেল আন্দ্রে লুই পেরিনেত্তি, জনাব জিল্লুর রহমান সিদ্দিকী এবং সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব আইইউ মালিক অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আইটিআই বাংলাদেশ কেন্দ্রের জেনারেল সেক্রেটারী রামেন্দু মজুমদার ও নাসিরুদ্দিন ইউসুফ শুভেচ্ছা বক্তব্য রাখেন।